# ট্রাস্ট ব্যাংক পিএলসি

মাধবদী এস,এম,ই/কৃষি শাখা, নরসিংদী

## সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

**অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ধারা অনুযায়ী প্রাপ্ত সনদপত্র মোতাবেক**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **(১) মেসার্স শিব বস্ত্রালয়,** অংশীদার **শিবু প্রসাদ সাহা ও ভোলানাথ সাহা,** উভয়ের পিতাঃ মৃত শংকর প্রসাদ সাহা, ঠিকানাঃ ব্যাংক পট্টি রোড, মাধবদী বাজার, নরসিংদী, **(২) শিবু প্রসাদ সাহা, (৩) ভোলানাথ সাহা,** উভয়ের পিতাঃ মৃত শংকর প্রসাদ সাহা, অংশীদার মেসার্স শিব বস্ত্রালয়, সর্ব সাং-কাশিমপুর, পোঃ ও থানা-মাধবদী, জেলা-নরসিংদী এর বিরুদ্ধে অত্র ডিক্রীদার ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং ১০/২০২১ (অর্থঋণ মোকদ্দমা নং ৩২/২০১৯ হতে উদ্ভূত) দায়ের করেন এবং ডিক্রীদার ব্যাংকের পাওনা **৩,৪২,৯৭,৫৬০.৯৯ (তিন কোটি বেয়াল্লিশ লক্ষ সাতানব্বই হাজার পাঁচশত ষাট দশমিক নয় নয়)** টাকা মাত্র এবং আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে বিজ্ঞ যুগ্ম জেলা ও অর্থ ঋন ১ম আদালত, নরসিংদী কর্তৃক বিগত ১৩.০৪.২০২৫ ইং তারিখে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক ডিক্রীদার ব্যাংকের অনুকূলে নিম্ন বর্ণিত তফসিল সম্পত্তির দখল ও ভোগের সনদপত্র ইস্যু করেন। উক্ত সনদপত্র অনুযায়ী ডিক্রীকৃত টাকা আদায়ের নিমিত্তে নিম্ন বর্ণিত তফসিল সম্পত্তি এবং তদউপরস্থ বিল্ডিং/স্থাপনা/দায়বদ্ধকৃত মূলধনী যন্ত্রপাতি/সরঞ্জামাদি সহ (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাগণ হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে:

## নিলামের শর্তাবলী:

১। প্রত্যেক নিলাম ক্রেতা বা দরদাতা তার নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ঠ অক্ষরে নিলাম ক্রেতার/দাতার নাম, পিতার নাম, স্থায়ী এবং বর্তমান ঠিকানা, টেলিফোন নাম্বার, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, প্রস্তাবিত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আগামী **২৮-০১-২০২৬** ইং তারিখ বেলা ৩.০০ ঘটিকার মধ্যে ট্রাস্ট ব্যাংক পিএলসি, মাধবদী এস,এম,ই/কৃষি শাখা, ঠিকানা: জেএম টাওয়ার, হোল্ডিং নং-২৫৮, বালিকা বিদ্যালয় রোড, ওয়ার্ড নং-০৮, মাধবদী, নরসিংদী- এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র সরাসরি জমা দিতে হবে অথবা রেজিস্ট্রিকৃত ডাক যোগে র্নিধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে এবং একই দিন বিকাল ৩.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

২। দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে সম্পত্তি ক্রয়ের দরপত্র প্রস্তাব উল্লেখ করতে হবে।

৩। প্রত্যেক দরদাতা, উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানতস্বরূপ যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ট্রাস্ট ব্যাংক পিএলসি, মাধবদী এস,এম,ই/কৃষি শাখার অনুকূলে দরপত্রের সাথে দাখিল করবেন।

৪। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে সমূদয় মূল্য পরিশোধ করতে হবে, ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করতে পারবেন।

৫। উপরোক্ত ৪নং শর্তের অধীনে জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলামে খরিদ করতে আহবান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরুপ আহ্বানে সম্মত হলে তাকে অনুচ্ছেদ ৪নং শর্তে বর্ণিত র্নিধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে, ব্যর্থতায় জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

৬। দরপত্র দাতা কর্তৃক দাখিলকৃত একই তফসিলভূক্ত সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৭। দরপত্র জমা দেওয়ার পর নিলামকৃত তফসিল সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্তের দলিলপত্র সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হবেনা এবং ব্যাংকে রক্ষিত সম্পত্তির মালিকানা সম্পর্কিত প্রয়োজনীয় কাগজপত্র যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় সফল দরপত্র দাতাকে হস্তান্তর করা হবে। এর অতিরিক্ত কোন কাগজপত্র প্রয়োজন হলে নিলাম ক্রেতাকে নিজ দায়িত্বে এবং নিজ খরচে তা সংগ্রহ করতে হবে।

৮। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করতে পারবেন।

৯। ব্যাংক কর্তৃক বিবেচিত বিজয়ী সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিল মূলে হস্তান্তর করা হবে। সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয় সংক্রান্ত সম্পত্তির ট্যাক্স-ভ্যাটসহ অন্যান্য যাবতীয় খরচ নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

১০। তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।

১১। সম্পত্তির দখল সংক্রান্ত যাবতীয় প্রক্রীয়া ও ব্যায়ভার নিলাম ক্রেতাকে বহন করতে হবে।

১২। দরপত্রের মাধমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।

১৩। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরপত্র গৃহীত না হলে জামানতের টাকা ফেরত দেয়া হবে। তবে বাতিল বা গৃহিত জামানতের জন্য কোন ক্ষতিপূরণ প্রদান করা হবে না।

## নিলামকৃত সম্পত্তির তফসিল

**তফসিল-১ঃ** জমির পরিমান ১৫.০০ শতাংশ ও তদস্থিত স্থাপনা অধিকার স্বত্ত্ব বা স্বার্থ, জেলা-নরসিংদী, থানা-মাধবদী, মৌজা-কতোয়ালীরচর, জে এল নং-সি,এস-৩৫০, এস,এ-৩৫০/৯২, আর,এস-৮১, খতিয়ান নং- সি,এস-৪৫, এস,এ-৭৫, আর,এস-৮৯৩, দাগ নং- সি,এস-১৯৩, আর,এস-৪৭৩। যাহার চৌহদ্দী উত্তরে-শংকর দাস, দক্ষিণে-রাস্তা, পূর্বে-অরুন সাহা, পশ্চিমে- রাস্তা।

**তফসিল-২ঃ** জমির পরিমান ২৭.০০ শতাংশ ও তদস্থিত যাবতীয় স্থাপনা অধিকার স্বত্ত্ব বা স্বার্থ, জেলা-নরসিংদী, থানা-মাধবদী, মৌজা-কতোয়ালীরচর, জে এল নং-সি,এস-৩৫০, এস,এ-৩৫০/৯২, আর,এস-৮১, খতিয়ান নং-সি,এস-৪১৭, এস,এ-৫৯৩, আর,এস-৪৭৩, দাগ নং সি,এস ও এস,এ-২২২, আর,এস-৪৬৯। যাহার চৌহদ্দী উত্তরে-রাস্তা, দক্ষিণে-শাহ আলম, পূর্বে- রাস্তা, পশ্চিমে-জামাল মিয়া। **একুনে দুইটি দাগে মোট জমির পরিমান (১৫+২৭)= ৪২.০০ শতাংশ।**

**ধন্যবাদান্তে, শাখা ব্যবস্থাপক, ট্রাস্ট ব্যাংক পিএলসি., মাধবদী এস,এম,ই/কৃষি শাখা**

ঠিকানা: জেএম টাওয়ার, হোল্ডিং নং-২৫৮, বালিকা বিদ্যালয় রোড, ওয়ার্ড নং-০৮, মাধবদী, নরসিংদী, ফোনঃ ০১৭২৪১২২৭০৪

Design Size 6.5 x 3 Column

Pub: